110

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 22 APR 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

## ভিসি প্যানেল

# সাদা ও নীল গ্রুপের প্রার্থী মনোনয়ন চূড়ান্ত প্রায়

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

৩রা মে অনুষ্ঠিতব্য সিনেটের বিশেষ অধিবেশনের ব্যাপারে শিক্ষকদের মধ্যে ব্যস্ততা শুরু হইয়াছে। এই অধিবেশনে ভিসি প্যানেলে প্রার্থী মনোনয়নের বিষয়

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ভিসি প্যানেল

( ১ম পৃঃ পর )

লইয়া গত কয়েকদিনে শিক্ষকদের ৩টি গ্রুপ পৃথকভাবে একাধিক সভার আয়োজন করে। গতকাল (শনিবার) একটি সূত্র জানায়, শিক্ষকদের ২টি গ্রুপ ভিসি প্যানেলে প্রার্থী মনোনয়নের বিষয়টি চূড়ান্ত করিয়াছে। সূত্রটির মতে, 'সাদা' গ্রুপ ভিসি প্যানেলে বর্তমান ভিসি প্রফেসর ডঃ এম মনিরুজ্জামান মিয়া, প্রো-ভিসি প্রফেসর ডঃ এমাজ উদ্দিন আহমেদ, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদ, ইংরেজীর শিক্ষক প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরীর নাম উত্থাপন করিবে। 'নীল' গ্রুপ ভূগোল বিভাগের শিক্ষক ডঃ এম আমিনুল ইসলাম, মৃত্তিকা বিজ্ঞান বিভাগের শিক্ষক ডঃ আমিনুল ইসলাম ও বাংলা বিভাগের শিক্ষক ডঃ মোহাম্মদ মনিরুজ্জামানের নাম উত্থাপন করিবে। 'গোলাপী' গ্রুপ গতকাল পর্যন্ত প্রার্থী মনোনয়নের বিষয়টি চূড়ান্ত না করিলেও একটি সূত্রের মতে এই গ্রুপ হইতে শিক্ষক সমিতির সাবেক সভাপতি প্রফেসর সাদ উদ্দিন, দর্শন বিভাগের শিক্ষক, সূর্য-সেন হলের সাবেক প্রভোষ্ট প্রফেসর ডঃ আমিনুল ইসলামের নাম ভিসি প্যানেলে উত্থাপন করা হইতে পারে।